

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৯২

কুমারঘাট, ১৮ ডিসেম্বর, ২০২৩

কাঞ্চনবাড়ি পঞ্চায়েতে বিকশিত ভারত সংকল্প যাত্রায় ভ্রাম্যমান প্রচার গাড়ি

প্রধানমন্ত্রী বিকশিত ভারত গড়ে তোলার
উদ্যোগ নিয়েছেন : প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঐকান্তিক প্রচেষ্টায় দেশের প্রান্তিক জনপদের মানুষের কাছে জনমুখী প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা হয়েছে। প্রধানমন্ত্রী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। আজ কুমারঘাট ব্লকের কাঞ্চনবাড়ির ধনসিং চৌধুরী স্মৃতি ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে বিকশিত ভারত সংকল্প যাত্রার উদ্বোধন করে প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সদস্য সুনীতি দত্ত, কাঞ্চনবাড়ি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান শেলি ভট্টাচার্য, কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুদীপ ভৌমিক, ডিসিএম গোবিন্দ সরকার প্রমুখ। সভাপতিত্ব করেন কাঞ্চনবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান বিপ্লব সিং চৌধুরী। অনুষ্ঠানে কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলির তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়িটিকে স্বাগত জানান প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস সহ অন্যান্য অতিথিগণ। ভ্রাম্যমান প্রচার গাড়িটির এলইডি স্ক্রিনে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের উন্নয়ন কর্মসূচির তথ্যচিত্র দেখানো হয়। স্বাগত বক্তব্য রাখেন বিডিও ডা. সুদীপ ভৌমিক। এই উপলক্ষে বিদ্যালয়ে এক শিবিরের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার দেশের সার্বিক বিকাশে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। জনকল্যাণে রূপায়িত হচ্ছে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা, স্বচ্ছ ভারত মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, পিএম কিষাণ, জল জীবন মিশন, সৌভাগ্য যোজনা, আয়ুষ্মান ভারতের মতো প্রকল্প। এ সমস্ত প্রকল্পে রাজ্যের জনগণ উপকৃত হচ্ছেন। রাজ্যের প্রান্তিক জনপদের অস্তিম ব্যক্তির কাছে এ সমস্ত প্রকল্পের সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। শিবিরে পানীয়জল ও স্বাস্থ্যবিধান, স্বাস্থ্য, মহকুমা প্রশাসন, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, শ্রম, বিদ্যুৎনিগম ও ব্যাঙ্কের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা জনসাধারণকে প্রদান করা হয়।
